

বিআইএফটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করার প্রস্তাব নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট এ মাসেই চূড়ান্ত হতে পারে.: শিক্ষা উপদেষ্টা

যাযাদি রিপোর্ট

বিজিএমইএ ইন্সটিটিউট অফ ফ্যাশন অ্যান্ড টেকনোলজিকে (বিআইএফটি) পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের জন্য আনুষ্ঠানিকভাবে সরকারকে প্রস্তাব দিয়েছে বিজিএমইএ। নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট বর্তমানে প্রক্রিয়াধীন আছে, যা এ মাসেই চূড়ান্ত হতে পারে। এরপর অগ্রাধিকার ভিত্তিতে তার মন্ত্রণালয় বিজিএমইএ'র প্রস্তাবনাটি বিবেচনা করবে। শিক্ষা উপদেষ্টা গতকাল এ কথা জানান। বিজিএমইএ সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরীর (পারভেজ) নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দল গতকাল বাগিচা ও শিক্ষা উপদেষ্টা ড. মুসেন জিল্লুর রহমানের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করে এ প্রস্তাব দেন। প্রতিনিধি দলে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দ্বিতীয় সহসভাপতি মোঃ শহীদুল

ইসলাম, সহসভাপতি (অর্থ) মাহমুদ হাসান খান (বাবু), পরিচালক এ এম মাহবুব চৌধুরী ও বিআইএফটির সভাপতি বেনজীর আহমেদ, বিআইএফটি বোর্ডের সদস্যগণ সিদ্দিকুর রহমান ও ইকবাল চৌধুরী, বিআইএফটির সাবেক প্রিন্সিপাল ড. নজরুল ইসলাম।

উপদেষ্টার সঙ্গে আলোচনায় বিজিএমইএ সভাপতি বলেন, তাদের সংগঠনের উদ্যোগে স্থাপিত বিআইএফটি আট বছর ধরে পোশাক শিল্পের চাহিদা পূরণের লক্ষ্যে মুনবসন্দ উন্নয়ন, বিশেষ করে মিড লেভেল ম্যানেজমেন্টের উন্নয়ন নিয়ে কাজ করছে। পোশাক শিল্পের অপার সম্ভাবনা রয়েছে। এ শিল্পে বর্তমানে পাঁচ হাজার বিদেশি নাগরিক কাজ করছে। বিআইএফটি এসেই বিশেষ শিক্ষায় শিক্ষিত করতে পারে। আর এর জন্য বিআইএফটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা প্রয়োজন। তাছাড়া ইতিমধ্যেই

বিআইএফটির সঙ্গে অনেক বিদেশি বিশ্ববিদ্যালয়ের সমঝ হয়ছে। বিআইএফটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপ দেয়া না হলে ওইসব বিদেশি বিশ্ববিদ্যালয়ের অনেক দীর্ঘমেয়াদি কোর্স এখানে চালু করা সম্ভব হচ্ছে না। এ পরিস্থিতিতে বিআইএফটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ব্যাপারে অনুমোদনের জন্য বিজিএমইএ প্রতিনিধি দল উপদেষ্টাকে অনুরোধ জানান।

উত্তরে উপদেষ্টা বলেন, বিজিএমইএ'র প্রস্তাবনা যৌক্তিক। এ প্রস্তাবনার ব্যাপারে তার মন্ত্রণালয় অবশ্যই সাজা দেবে। নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট বর্তমানে প্রক্রিয়াধীন আছে, যা এ মাসেই চূড়ান্ত হতে পারে। এরপর অগ্রাধিকার ভিত্তিতে তার মন্ত্রণালয় বিজিএমইএ'র প্রস্তাবনাটি বিবেচনা করবে। উপদেষ্টা বলেন, সিগনিরই বিআইএফটি পরিদর্শন করা হবে।